ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৪১৭০

আগরতলা, ১২ ডিসেম্বর, ২০২৩

**করবুক মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তে জনসাধারণের চলাচলে বিধিনিষেধ**

জনজীবনে শান্তি ও নিরাপত্তা রক্ষায় গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা এক আদেশে করবুক মহকুমার ভারত-বাংলাদেশ সীমান্তের ৩০০ মিটার এলাকায় জনসাধারণের চলাচলের উপর বিধিনিষেধ আরোপ করেছেন। ভারতীয় ফৌজদারি দন্ডবিধির ১৪৪ ধারায় এই বিধিনিষেধ গত ৮ ডিসেম্বর থেকে কার্যকর হয়েছে। আগামী ৭ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত তা বলবৎ থাকবে। এই সময়ে প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরের দিন সকাল ৬টা পর্যন্ত সময়ে এই বিধিনিষেধ কার্যকর থাকবে। এই আদেশে উল্লেখিত সময়ে স্থানীয় কর্তৃপক্ষের বৈধ অনুমতি ছাড়া ৪ জনের বেশি ব্যক্তির সমাবেশ নিষিদ্ধ করা হয়েছে। করবুক মহকুমার মহকুমা শাসকের জারি করা বৈধ অনুমতিপত্র ছাড়া উক্ত সময়ে সাধারণ মানুষের চলাচলের উপরও বিধিনিষেধ আরোপ করা হয়েছে। কর্মরত পুলিশ বাহিনীর সদস্য, সিআরপিএফ, বিএসএফ ছাড়া কেউ লাঠি, আগ্নেয়াস্ত্র বা অন্য যে কোনও অস্ত্রশস্ত্র নিয়ে চলাচল করতে পারবেন না। সরকারি কাজে নিয়োজিত সরকারি কর্মচারী, পুলিশ এবং নিরাপত্তা বাহিনীর সদস্যগণ এবং এই আন্তর্জাতিক সীমান্তের ৩০০ মিটার এলাকায় বসবাসকারী লোকজন এই নিষেধাজ্ঞার আওতার বাইরে থাকবেন। এই আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইপিসির ১৮৮ ধারা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

*****